



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট  
গবেষণা উইং  
[www.brri.gov.bd](http://www.brri.gov.bd)

নম্বর: ১২.২২.০০০০.০০২.০৬.০০২.১৭.৬০

তারিখ: ৯ চৈত্র ১৪২৯

২৩ মার্চ ২০২৩

#### অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের পত্র নং ১২.০০.০০০০.০৬৩.১৯.০০৬.১৭.৩৬০, তারিখ: ১৩-১২-২০২৩ মোতাবেক অত্র ইনস্টিটিউটের ফলিত গবেষণা বিভাগের সাইন্টিফিক অফিসার জনাব মীর মেহেদী হাসানকে **Krishi Gobeshona Foundation (KGF)** এবং **Global Institute for Food Security (GIFS)** প্রকল্পের আওতায় আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে এমএস কোর্সে অধ্যয়নের নিমিত্ত ১৯-০৬-২০২২খ্রিঃ থেকে ১৮-১২-২০২৩ খ্রিঃ পর্যন্ত মোট ১৮ মাস অথবা প্রেষণ শুরুর তারিখ থেকে ১৮ মাস নিম্নলিখিত শর্তে প্রেষণ প্রদান করা হলো:

- ১। উপর্যুক্ত বিজ্ঞানী এমএস কোর্সে অধ্যয়নের সময় কর্মরত বলে বিবেচিত হবেন এবং উল্লিখিত সময়ের জন্য তিনি যথাযথ বেতন ও ভাতাদি পাবেন।
- ২। উল্লিখিত প্রোগ্রামের কোন খরচাদি ব্রি হতে প্রদান করা হবে না।
- ৩। উক্ত প্রোগ্রামের জন্য তার **award letter** এ বর্ণিত সময় ও শর্তানুযায়ী **Krishi Gobeshona Foundation (KGF)** এবং **Global Institute for Food Security (GIFS)** প্রকল্প হতে নির্দিষ্ট হারে বৃত্তি ও গবেষণা ব্যয় পাবেন।
- ৪। এমএস প্রোগ্রাম সমাপ্তির পর বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউটে ২ (দুই) বৎসর চাকুরী করতে বাধ্য থাকবেন।
- ৫। তাকে প্রতি ছয় মাস অন্তর গবেষণা অগ্রগতির প্রতিবেদন ব্রির হুক অনুযায়ী ব্রিতে দাখিল করতে হবে।
- ৬। উল্লিখিত প্রোগ্রাম সফলভাবে সম্পন্ন করতে ব্যর্থ হলে তার প্রেষণাদেশ বাতিল করা হতে পারে এবং এমএস ডিগ্রি অর্জনে ব্যর্থ হলে তাকে মুচলেকায় উল্লিখিত অর্থ ফেরত দিতে হবে।
- ৭। প্রেষণকাল সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে তাকে কর্মস্থলে যোগদান করতে হবে।
- ৮। দেশের অভ্যন্তরে এমএস অধ্যয়ন সংক্রান্ত ব্রি এর নীতিমালা অনুসারে প্রেষণাদেশ সংশোধনযোগ্য।
- ৯। এমএস প্রোগ্রাম সমাপ্তির পর তিনি এক কপি গবেষণা প্রতিবেদন ব্রির লাইব্রেরীতে জমা দিতে বাধ্য থাকবেন।
- ১০। গবেষণা সমাপনান্তে তিনি গবেষণা বিষয়ে ব্রিতে সেমিনার দিতে বাধ্য থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



২৩-৩-২০২৩

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক

ফোন: ৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০৪০

ফ্যাক্স: ৪৯২৭২০০০

ইমেইল: dg@brri.gov.bd

নম্বর: ১২.২২.০০০০.০০২.০৬.০০২.১৭.৬০/১(১২)

তারিখ: ৯ চৈত্র ১৪২৯

২৩ মার্চ ২০২৩

অনুলিপি (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (গবেষণা) (চলতি দায়িত্ব), গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ২) উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর), গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৩) রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
- ৪) চিফ সাইন্টিফিক অফিসার, ফলিত গবেষণা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৫) চিফ সাইন্টিফিক অফিসার, কৃষি পরিসংখ্যান, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৬) উপপরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৭) উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৮) সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন সদর দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ১০) অডিট অফিসার, অডিট শাখা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ১১) সাইন্টিফিক অফিসার, ফলিত গবেষণা, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ১২) স্টোর অফিসার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট



২৩-৩-২০২৩

ড. মো: শাহজাহান কবীর

মহাপরিচালক